## আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ
## ঢাকা সেনানিবাস

### ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে এএমসি ক্যাডেট এবং এএফএমসি ক্যাডেট হিসাবে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে ।

| | |
|---|---|
| ভর্তির আবেদনপত্র বিতরণের শুরুর তারিখ ও সময়ঃ | ১০ সেপ্টেম্বর ২০১৩ তারিখ সকাল ১০০০ ঘটিকা। |
| ভর্তির আবেদনপত্র বিতরণের শেষ তারিখ ও সময়ঃ | ১৭ সেপ্টেম্বর ২০১৩ তারিখ দুপুর ২ ঘটিকা। |
| ভর্তির লিখিত পরীক্ষাঃ | ২৫ অক্টোবর ২০১৩ তারিখ শুক্রবার সকাল ১০০০ ঘটিকায়। |
| ভর্তির আবেদনপত্রের ফিঃ | ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) (অফেরতযোগ্য) |

১। আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক। **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ**

(১) এসএসসি/সমমান পরীক্ষা ২০১০/২০১১ এবং এইচএসসি/সমমান পরীক্ষা ২০১২/২০১৩ সনে বিজ্ঞান বিভাগে পাশ করা ছাত্র/ছাত্রীদেরকে ন্যূনতম মোট জিপিএ- ৮.০০ এবং প্রতিটিতে কমপক্ষে জিপিএ-৪.০০ থাকতে হবে। শুধুমাত্র উপজাতীয় কোটাভূক্ত আসনের প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ হতে হবে। তবে কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না । সকলের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ হতে হবে ।

(২) যারা ২০১০ সনের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষা পাশ করেছেন তারা আবেদন করতে পারবেন না।

খ। **শারীরিক যোগ্যতা ঃ** প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে ঃ

(১) **এএমসি ক্যাডেটঃ**

| | পুরুষ | মহিলা |
|---|---|---|
| উচ্চতা (ন্যূনতম) | ঃ ১.৬৩ মিঃ (৫ ফুট ৪ ইঞ্চি) | ঃ ১.৫৫ মিঃ (৫ ফুট ১ ইঞ্চি) |
| ওজন (ন্যূনতম) | ঃ ৪৫.৩৬ কেজি (১০০ পাউন্ড) | ঃ ৪০ কেজি (৮৮ পাউন্ড) |
| বুকের মাপ (ন্যূনতম) | ঃ স্বাভাবিক-০.৭৬ মিঃ (৩০ ইঞ্চি)<br>সম্প্রসারিত -০.৮১ মিঃ (৩২ ইঞ্চি) | ঃ স্বাভাবিক-০.৭১ মিঃ (২৮ ইঞ্চি)<br>সম্প্রসারিত -০.৭৬ মিঃ (৩০ ইঞ্চি) |
| দৃষ্টি শক্তি | ঃ ৬/৬ (+ ২.৫ দৃষ্টি শক্তির মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে)<br>Colour Blindness গ্রহণযোগ্য হবে না | ঃ ৬/৬ (+ ২.৫ দৃষ্টি শক্তির মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে)<br>Colour Blindness গ্রহণযোগ্য হবে না |
| শ্রবন শক্তি | ঃ গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে | ঃ গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে । |

(২) **এএফএমসি ক্যাডেটঃ**

মেডিক্যাল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

গ। **ভর্তির শর্তাবলী ঃ**

**এএমসি ক্যাডেট ঃ**

(১) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(২) ০১ জুলাই ২০১৩ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসর হতে হবে।

(৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এএমসি ক্যাডেট প্রার্থীদের মধ্য হতে লিখিত পরীক্ষা এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদেরকে মেধা অনুযায়ী আইএসএসবি'র সম্মুখীন হতে হবে।

(৪) আইএসএসবি উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত শারীরিক যোগ্যতা নিরুপণ পূর্বক মেধা ও কোটার ভিত্তিতে এএমসি ক্যাডেট হিসেবে নেওয়া হবে।

(৫) এএমসি ক্যাডেটদের ভর্তি ফি, টিউশন ফি মওকুফ থাকবে। তবে তাদের কশন মানি, আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি ও গেমস্ এন্ড স্পোর্টস ফি প্রদান করতে হবে।

(৬) এএমসি ক্যাডেটদেরকে মাসিক ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে পকেট মানি দেওয়া হবে।

(৭) এমবিবিএস কোর্স এবং ইন্টার্ণশীপ প্রশিক্ষণ সম্পন্নের পর এএমসি ক্যাডেটগণকে বাধ্যতামূলকভাবে আর্মি মেডিক্যাল কোরে যোগদান করতে হবে ।

(৮) এমবিবিএস কোর্স ও ইন্টার্ণশীপ সম্পন্নের পর এএমসি ক্যাডেট আর্মি মেডিক্যাল কোরে যোগদান করতে অনিচ্ছুক হলে তাকে নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে ।

(৯) একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী সেনাবাহিনী/নৌবাহিনী/বিমানবাহিনী/এএমসি ক্যাডেট হিসেবে যে কোন একটিতে আইএসএসবি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

**এএফএমসি ক্যাডেট ঃ**

(১) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে ।

(২) ০১ জুলাই ২০১৩ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসর হতে হবে ।

(৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এএফএমসি ক্যাডেট প্রার্থীদের মধ্য হতে লিখিত পরীক্ষা এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদেরকে মেধা অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা নিরুপণ পূর্বক মৌখিক পরীক্ষা গ্রহণ করে এএফএমসি ক্যাডেট হিসাবে নির্বাচন করা হবে ।

(৪) এএফএমসি ক্যাডেটদের আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি, কশন মানি, আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে ।

(৫) এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন ও ইন্টার্ণশীপ প্রশিক্ষণকালীন কেউ কলেজ হতে স্বেচ্ছায় অথবা বহিষ্কৃত হলে তাকে চুক্তি মোতাবেক নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে ।

(৬) ভবিষ্যতে আইএসএসবি পরীক্ষায় উত্তীর্ণ সাপেক্ষে এএমসি কোরে যোগদানের সুযোগ রয়েছে।

২। **আবেদনের পদ্ধতি ঃ**

ক। ভর্তির আবেদনপত্র অনলাইনে ১০ সেপ্টেম্বর (সকাল ১০ ঘটিকা) হতে ১৭ সেপ্টেম্বর ২০১৩ দুপুর ২ ঘটিকা পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা http://afmc.teletalk.com.bd.

খ। **ফর্ম পূরণের প্রক্রিয়া ঃ**

(১) ইন্টারনেটে ওয়েব ঠিকানায় প্রথম ধাপে জাতীয় কারিকুলাম (এসএসসি ও এইচএসসি/সমতুল্য) এর জন্য ও জিসিই (ও/এ/ও লেভেল) এর জন্য আলাদা পথ নির্দেশ করা আছে।

(২) জাতীয় কারিকুলামে পাশ করা প্রার্থীগণের জন্য দ্বিতীয় ধাপে এসএসসি ও এইচএসসি রোল নম্বর, বোর্ড ও সন টাইপ করে সাবমিট-এ ক্লিক করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রীনে আসবে। ও/লেভেল-এ পাশ করা প্রার্থীগণের জন্য Director, Medical Education, DGHS এর কাছ থেকে Equivalent Certificate ও Code সংগ্রহ করতে হবে এবং ও কোড নং টাইপ করে সাবমিট করলে ফর্ম পাওয়া যাবে।

(৩) আবেদন পত্র পূরণের জন্য টাইপ ও অপশন নির্বাচন ছাড়া নিম্নলিখিত দুইটি নথী সংযুক্ত করতে হবে।

(ক) ছবি (৩০০/৩০০ পিক্সেল যা ১০০ কিলোবাইটের মধ্যে ও jpg হতে হবে)।

(খ) স্বাক্ষর (৮০/৩০০ পিক্সেল যা ৬০ কিলোবাইটের মধ্যে ও jpg হতে হবে)।

(৪) আবেদনপত্র পূরণ সঠিক ভাবে সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রীনে প্রার্থীর পূরণকৃত আবেদনের নমুনা আসবে যার প্রিন্ট নেওয়া যাবে।

(৫) প্রার্থীকে আবেদন পত্র পূরণের ৪৮ ঘন্টার মধ্যে নির্দেশিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার আনুষাঙ্গিক খরচ বাবদ ৫০০/- (পাঁচশত মাত্র) টাকা (অফেরতযোগ্য) টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে পাঠাতে হবে। অন্যথায় আবেদন বাতিল হয়ে যাবে। তবে প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন। টাকা সঠিক ভাবে জমা হলে ফেরত দেওয়া মোবাইল নম্বরে SMS-এ অবগত করা হবে। টাকা পাঠানোর শেষ সময় ১৯ সেপ্টেম্বর ২০১৩ দুপুর ২ ঘটিকা পর্যন্ত।

(৬) আবেদনকারী ৪০০০ (চার হাজার) জন এর বেশি হলে, মেধা ও কোটার ভিত্তিতে প্রথম ৪০০০ জনকে ভর্তি পরীক্ষার জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীগণকে মোবাইলে SMS দ্বারা অবহিত করা হবে।

(৭) ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার করে ১০ অক্টোবর ২০১৩ তারিখ হতে পরীক্ষার পূর্ব পর্যন্ত একই ওয়েব সাইট (http://afmc.teletalk.com.bd) হতে প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবেন। যেখানে প্রার্থীর রোল নং, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম উল্লেখ থাকবে। প্রবেশ পত্রটি পরবর্তিতে প্রার্থীর পরিচয় পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে। প্রবেশপত্র হারানো গেলে পূনরায় তা একই ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। পরীক্ষার হলে অবশ্যই প্রবেশপত্র নিয়ে আসতে হবে।

(৮) পরীক্ষা ফি ৫০০/- টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। অন্যান্য কাজ অন্য যে কোন মোবাইল থেকে করা যাবে ।

(৯) পরীক্ষা ফি জমা দেওয়ার পদ্ধতি: (ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে AFMC লিখে, স্পেস দিয়ে User ID লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। AFMC<Space><User ID> and send to **16222** [Example: AFMC Y1837766]

(১০) আবেদনপত্র পূরণে কোন ভূল হলে প্রার্থী পূণরায় আবেদনপত্র পূরণ করতে পারবেন। সে ক্ষেত্রে প্রার্থীকে পূণরায় আবেদপত্র ফি প্রদান করতে হবে এবং পূর্বের আবেদনপত্রটি বাতিলের জন্য কমান্ড্যান্ট, এএফএমসি বরাবর আবেদন করতে হবে।

গ। কলেজ এর প্রসপেক্টাস, এফএকিউ, ফর্ম পূরণের পদ্ধতি ইত্যাদি তথ্য ওয়েব ঠিকানায় পিডিএফ হিসেবে দেওয়া আছে। এছাড়াও ০১৭৭৫০২১৫১৯ নম্বর-এ অফিস চলাকালীন সময় যোগাযোগ করে ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানা যাবে।

ঘ। কলেজ ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য একটি 'ভর্তি সংক্রান্ত তথ্য কেন্দ্র' অফিস চলাকালীন সময় খোলা থাকবে।

ঙ। 'ও' এবং 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের নিজ দায়িত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সমতা নির্ধারনী সনদপত্র অনুযায়ী GPA পূরণ করতে হবে। পরবর্তিতে নির্দেশমত সনদটির মূল কপি প্রদর্শন করতে হবে।

চ। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য কলেজের ওয়েব সাইট www.afmcbd.com এ দেওয়া আছে। এ সংক্রান্ত কোন প্রকার যোগাযোগ এর ই-মেইল ঠিকানা afmcadmission@gmail.com.

৩। **লিখিত পরীক্ষা** ঃ ভর্তির লিখিত পরীক্ষা আগামী ২৫ অক্টোবর ২০১৩ তারিখ শুক্রবার সকাল ১০০০ ঘটিকায় প্রবেশ পত্রে উল্লেখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় মেধাতালিকা ও কোটার ভিত্তিতে সর্বমোট আবেদনকারীদের মধ্য হতে প্রথম ৪০০০ (চার হাজার) জন প্রার্থী অংশগ্রহণ করতে পারবে । এই ৪০০০ (চার হাজার) প্রার্থীর মধ্যে এএমসি এবং এএফএমসি প্রার্থী নির্বাচন করা হবে। মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে হবে। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা - ৩০, রসায়নবিদ্যা - ৩০, জীববিদ্যা - ৩০, ইংরেজী - ১০। (সিলেবাস-এইচএসসি/সমমান)।

৪। **লিখিত পরীক্ষার ফলাফল** ঃ ৩১ অক্টোবর ২০১৩ তারিখ দৈনিক সংবাদপত্র, কলেজ ওয়েব সাইট (www.afmcbd.com) কলেজ নোটিশ বোর্ডে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

৫। **স্বাস্থ্য পরীক্ষা** ঃ এএমসি এবং এএফএমসি প্রার্থীদের প্রাথমিক/চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা যথাক্রমে ৪, ৫ ও ৬ নভেম্বর ২০১৩ ও ১৭, ১৮ ও ১৯ নভেম্বর ২০১৩ তারিখে অনুষ্ঠিত হবে।

৬। **মৌখিক পরীক্ষা** ঃ এএমসি এবং এএফএমসি প্রার্থীদের মৌখিক পরীক্ষা যথাক্রমে ৫, ৬ ও ৭ নভেম্বর ২০১৩ ও ১৮, ১৯ ও ২০ নভেম্বর ২০১৩ তারিখে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

৭। **আইএসএসবি** ঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ এএমসি ক্যাডেটদের আইএসএসবি ১৭-২৬ নভেম্বর ২০১৩-এ অনুষ্ঠিত হবে।

৮। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে । উত্তরপত্র OMR মেশিনে পরীক্ষা করা হবে ।

৯। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমান্ড্যান্ট
আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ
ঢাকা সেনানিবাস

GD-3271

---

## BPDB's Local 2nd Re-Tender Notice

| | | |
|---|---|---|
| 1 | Ministry/Division | Ministry of Power, Energy & Mineral Resources/Power Division. |
| 2 | Agency | Bangladesh Power Development Board (BPDB). |
| 3 | Procuring entity name | Director, Directorate of Purchase, BPDB, WAPDA Building, Motijheel C/A, Dhaka. |
| 4 | Procuring entity code | Not used at present. |
| 5 | Procuring entity district | Dhaka. |
| 6 | Tender invitation for | Procurement of 100-Nos 11/0.4KV 250 KVA Distribution Transformer. |
| 7 | Invitation Ref. No. | Pur-148/Trans/Rev/2nd Re/Lot-1/12-13/ |
| 8 | Date | 29/8/2013 |
| **KEY INFORMATION** | | |
| 9 | Procurement method | Open Tendering Method. |
| **FUNDING INFORMATION** | | |
| 10 | Budget and source of funds | BPDB's Revenue Budget (Local). |
| 11 | Development partner (if applicable) | N/A. |
| **PARTICULAR INFORMATION** | | |
| 12 | Project/programme code (if applicable) | N/A. |
| 13 | Project/programme name (if applicable) | Director, Directorate of Electrical Equipment, BPDB, Dhaka. |
| 14 | Tender package No. | GDL-04 (FY-2012-13) |
| 15 | Tender package name | Procurement of 100-Nos 11/0.4KV 250 KVA Distribution Transformer. |
| 16 | Tender publication date | 05/09/2013 |
| 17 | Tender selling date | 05/09/2013 to 06-10-2013 |
| 18 | Tender closing date and time | 07/10/2013 at 11.00am. |
| 19 | Tender opening date and time | 07/10/2013 at 11.30am (tender receive any day before 07/10/2013 during office hour). |
| 20 | Name & address of the office | Director, Directorate of Purchase, BPDB, WAPDA Building, Motijheel C/A, Dhaka. |
| | Selling tender document (principal) | Director, Directorate of Purchase, BPDB, WAPDA Building, Motijheel C/A, Dhaka. |
| | Selling tender document (others) | N/A. |
| | Receiving tender document | Director, Directorate of Purchase, BPDB, WAPDA Building, Motijheel C/A, Dhaka. |
| | Opening tender document | Director, Directorate of Purchase, BPDB, WAPDA Building, Motijheel C/A, Dhaka. |
| 21 | Place/date/time of pre-tender meeting (optional) | N/A. |
| **INFORMATION FOR TENDERER** | | |
| 22 | Eligibility of tenderer | N/A. |
| 23 | Brief description of goods or works | Procurement of 100-Nos 11/0.4KV 250 KVA Distribution Transformer. |
| 24 | Brief description of related services | N/A. |
| 25 | Price of tender document (BDT) | Tk. 5,000.00 (five thousand) as Pay-Order (non-refundable) from any schedule bank of Bangladesh in favor of Director, Purchase, BPDB, Dhaka. |

| 26 | Identification of lot | | Location of delivery | Tender security amount in Tk. | Completion time in days/weeks/months |
|---|---|---|---|---|---|
| | Lot-1 | Procurement of 100-Nos 11/0.4KV 250 KVA Distribution Transformer | Tongi Store | Tk. 12,00,000/- | Completion of supply within 120 (one hundred twenty) days from the date of contract singing. (90 days for manufacturing & 30 days for inspection & delivery). |

| | | |
|---|---|---|
| 27 | Validity of tender | 120 (one hundred twenty) days from the date of opening of tender. |
| 28 | Validity of tender security | 148 (one hundred forty-eight) days from the date of opening of tender. |
| 29 | Name of official inviting tender | Abul Baser Khan. |
| 30 | Designation of official inviting tender | Director, Directorate of Purchase, BPDB, Dhaka. |
| **PROCURING ENTITY DETAILS** | | |
| 31 | Address of official inviting tender | WAPDA Building (9th Floor), Motijheel C/A, BPDB, Dhaka. |
| 32 | Contact detail of official inviting | Tel: +88 02 9550532, 7120887, Fax No: +88 02 7126151. |
| 33 | Special instructions | Any tender received by the purchaser after the deadline for submission of tenders shall be declared late, will be rejected, and returned unopened to the tenderer. |
| | | The purchaser reserves the right to accept any tender to annul the tender process, or to reject any or all tenders at any time prior to Contract Award. |
| 34 | This tender will be performed according to "The Public Procurement Rules-2008". | |

Biddyut/Jana-162(4)/1/9/13
GD-3242

**Abul Baser Khan**
Director
Directorate of Purchase, BPDB, Dhaka

---

## LEGAL NOTICE

In the Supreme Court of Bangladesh
High Court Division
(Statutory Original Jurisdiction)
**COMPANY MATTER NO. 181 OF 2013**

In the Matter of :

Hafiz Ahmed Mazumder and Others ----------------- Petitioners
**-Versus-**
Pubali Bank Limited and Others ------------------- Respondents

Notice is hereby given to all concerned that an application under Section 85(3) of the Companies Act, 1994, has been filed by the Petitioners challenging the impugned notice dated 14.08.2013 of the Respondent No. 2, office of the Chief Election Commissioners, 30th Annual General Meeting, Pubali Bank Limited (Annexure-D) invalidating the nomination of Petitioners for contesting in the post of directors as they do not have requisite 2% shareholding in their individual names as on record date (04.04.2013) of the paid up capital of the Company before the Hon'ble High Court Division of the Supreme Court of Bangladesh and upon preliminary hearing, Mr. Justice Sheikh Hasan Arif vide Order dated 20.08.2013 was pleased to admit the said application.

Any person or persons having interest in the said application may appear either personally or through duly authorized Advocate on the date so fixed.

Copy of the said application may be obtained from the office of the undersigned on payment of requisite costs.

Yours faithfully,

**A K M Rabiul Hassan**
(Barrister-at-Law)
Advocate, Supreme Court of Bangladesh
Sheikh & Chowdhury, Banglar Bani Bhaban,
81, Motijheel C/A (2nd Floor), Dhaka-1000.

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-পরিবেশ/ওডিএস(আঃওঃদিঃ)/৫০/২০১৩/১২২ তারিখঃ ১৯/০৫/১৪২০ সন / ০৩/০৯/২০১৩খ্রিঃ

## শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | পরিবেশ |
| স্থান | ঃ | চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| তারিখ | ঃ | ০৭ সেপ্টেম্বর, ২০১৩, সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা |
| প্রতিযোগীর বয়স | ঃ | ক গ্রুপঃ ০৩ বছর-অনূর্ধ্ব ০৭ বছর |
| | ঃ | খ গ্রুপঃ ০৭ বছর-অনূর্ধ্ব ১১ বছর |
| | ঃ | গ গ্রুপ ঃ ১১ বছর-অনূর্ধ্ব ১৬ বছর |
| মাধ্যম | ঃ | পেন্সিল ছাড়া অন্য যে কোন অংকন সামগ্রী। |
| পুরস্কার | ঃ | প্রতি গ্রুপে ৩ (তিন) জন বিজয়ীকে সনদপত্র ও পুরস্কার প্রদান করা হবে। |

আন্তর্জাতিক ওজোন দিবস, ২০১৩ উদ্‌যাপন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা **আগামী ০৭ সেপ্টেম্বর ২০১৩ তারিখ, রোজ শনিবার, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।** আগ্রহী প্রতিযোগীদের দুপুর ২.৩০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় উপকরণ (রং, তুলি, বোর্ড ইত্যাদি) এবং **জন্ম সনদপত্রের ফটোকপিসহ** উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে। পরিবেশ অধিদপ্তর কার্টিজ পেপার সরবরাহ করবে।

বিজয়ী প্রতিযোগীদের নাম মূল জন্ম সনদপত্র যাচাইপূর্বক ডাকযোগে জানানো হবে এবং ১৬ সেপ্টেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক ওজোন দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে পুরস্কৃত করা হবে।

মোঃ শাহজাহান
অতিরিক্ত মহাপরিচালক
ও
জাতীয় প্রকল্প পরিচালক
ওডিএস প্রকল্পসমূহ
ফোনঃ ৮১৮১৭৬৭/৮১৮১৮০১

জিডি-৩২৭৫

---

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি: Biman BANGLADESH AIRLINES LTD.

Head Office, Balaka, Kurmitola, Dhaka-1229, Bangladesh, Phone-8901600-14, 8901680-94, Fax: 88-02-8901558, www.biman-airlines.com

## Request for Proposal (RFP) for Sale and Lease-Back of 02 (Two) New 737-800 Aircraft

(RFP: DACPM/139/737-800/879, Date: 29 August 2013)

01. Biman Bangladesh Airlines Ltd. is looking for reputable Lessors, Banks and other financial institutions to take over the purchase of its firm orders for 02 (two) new Boeing 737-800 aircraft due for delivery in November and December 2015, and lease-back to Biman for a period of ten (10) years from said date, with options to extend. Pre-delivery payments are due on 1st October 2013.
02. Biman Bangladesh Airlines Ltd. has signed a Purchase Agreement with Boeing Company for a total of 10 aircraft, including these 02 (two) 737-800s. The aircraft acquisition project has the approval of the Biman Board of Directors.
03. Biman will sell the above aircraft to the Lessor or Bank or financial institutions and immediately lease it back under an operating lease for a period of 10 years, with options to extend. Further information is available upon request.
04. The bidder should offer two lease rental rates for the period of the lease, one including the option for Biman to "Buy-back" the aircraft at the end of the lease, and another option without "Buy-back".
05. Biman will only allow purchase price variances as already agreed and contracted with Boeing, before the final sale price at the time of delivery.
06. Biman will not contribute to any Maintenance Reserves, but will maintain the aircraft at its own cost during the contract period.
07. The bidder will be responsible for any cost associated with redelivery of aircraft, at the end of the lease period. The bidder should indicate if they have any requirements in this regard.
08. Offers should remain valid for 90 days from the date of closing the RFP, and any arrangement must have the approval of the Government of Bangladesh.
09. Any legal fees or other fees to be incurred by Biman, should be clearly stated in the offer.
10. Proposals/Offers are to be submitted to Managing Director & CEO, Biman Bangladesh Airlines Limited, Head Office, Balaka, Kurmitola, Dhaka-1229, Bangladesh latest **by 1000 hours** BST (0400 hours UTC) **on 19 September 2013** through Courier Service or e-mail to 737-800.slb@bdbiman.com The Proposal(s)/Offer(s) will be opened on the same day immediately after the closing time and date in presence of the bidder(s), if any. No Proposal/Offer will be accepted after the closing time.
11. Interested Bidders/Lessors may contact General Manager (Corporate Planning) at Telephone: +8802-8901600/Ext. 2284 & 2286, Fax: +880-2-8901396, e-mail: gmp@bdbiman.com during the office hour for any clarification regarding the RFP, if required.
12. Biman Bangladesh Airlines Ltd. reserves the right to cancel or withdraw these arrangements at any time, without assigning any reason, whatsoever. Biman is not bound to accept any offer, and may act as it sees fit in this process.

**Kevin John Steele**
Managing Director & CEO
Biman Bangladesh Airlines Ltd.

GD-3248